




যুগান্তর

২৩-১২-২০২৪, পৃষ্ঠা- অনলাইন

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ব্যবসায় এবং অর্থনীতি
অনুষদের মর্যাদাপূর্ণ স্বীকৃতি অর্জন



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ব্যবসায় এবং অর্থনীতি অনুষদ কোনও শর্ত ছাড়াই অ্যাক্রিডিটেশন কাউন্সিলের বিজনেস স্কুলস প্রোগ্রামস (ACBSP) 'এসিবিএসপি' এর দ্বারা আগামী দশ বছরের জন্য স্বীকৃতি লাভ করেছে।

গত অক্টোবর মাসে সংস্থাটির প্রতিনিধিদল ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় পরিদর্শনে করে যায় এবং সম্প্রতি এই স্বীকৃতির ঘোষণা দেওয়া হয়। এসিবিএসপি, একটি মার্কিন যুক্তরাষ্ট্রের স্বীকৃতি সংস্থা যা কাউন্সিল ফর হায়ার এডুকেশন অ্যাক্রিডিটেশন (CHEA) দ্বারা অনুমোদিত।

ACBSP-এর এই স্বীকৃতি ব্যবসায় এবং অর্থনীতি অনুষদের শিক্ষক, শিক্ষার্থী এবং অর্জিত ডিগ্রিগুলোকে আন্তর্জাতিকভাবে অনেক বেশী গ্রহণযোগ্য করে তুলবে। এই স্বীকৃতির ফলে শিক্ষার্থীরা বিশ্বব্যাপী চাকুরির বাজারে নিজেদের আরও যোগ্য হিসেবে উপস্থাপন করতে পারবে। পাশাপাশি ACBSP-এর স্বীকৃতি থাকার জন্য সহজে ভাল মানের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে উচ্চতর ডিগ্রি অর্জনের সুযোগ পাবে।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান এই অর্জনে তার উচ্ছ্বাস প্রকাশ করে বলেছেন, আমরা এই স্বীকৃতিটি পেয়ে অত্যন্ত গর্বিত। এসিবিএসপির স্বীকৃতি আমরা যে আন্তর্জাতিক মানের ব্যবসা শিক্ষা দেই তার সবচেয়ে বড় প্রমাণ। এটি আমাদের ছাত্র এবং শিক্ষকদের জন্য নতুন সুযোগ সৃষ্টি করবে এবং আমাদের বিশ্ববিদ্যালয়ের ক্রমাগত উন্নতির প্রচেষ্টাকে আরও উৎসাহিত করবে।